

করিম্বের ইমানদার-দলের কাছে লেখা পৌলের দ্বিতীয় চিঠি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

রুকু: ৬

^(১)যেহেতু আমরা তাঁর সহকর্মী সেজন্য তোমাদের কাছে অনুরোধ করছি যে, তোমরা আল্লাহর রহমত নিষ্ফল হতে দিও না, ^(২)কারণ তিনি বলেন, “আমি উপযুক্ত সময়ে তোমার কথা শুনেছি, এবং নাজাতের দিনে আমি তোমাকে সাহায্য করেছি।” দেখো, এখন উপযুক্ত সময়; দেখো, এখন নাজাত পাবার দিন!

^(৩)আমরা কারো পথে কোনো বাধার সৃষ্টি করি না, যাতে আমাদের খেদমতের কাজে কোনো দোষ পাওয়া না যায়,

^(৪)কিন্তু আল্লাহর খাদেম হিসেবে সকল বিষয়ে আমরা নিজেদেরকে যোগ্য প্রমাণ করেছি, অসীম ধৈর্যে, দুঃখ-কষ্টে, অভাব-অনটনে, দুর্যোগে, ^(৫)প্রহারে, কারাবাসে, দাঙ্গা-হাঙ্গামায়, পরিশ্রমে, অনিদ্রায়, অনাহারে; ^(৬)বিশুদ্ধতায়, জ্ঞানে, সহ্যশূণ্যে, দয়ায়, রুহের পবিত্রতায়, অকৃত্রিম ভালোবাসায়, ^(৭)সত্যের কালামে এবং আল্লাহর শক্তিতে; ডান হাত ও বাম হাতে ধার্মিকতার হাতিয়ার নিয়ে; ^(৮)সম্মান ও অসম্মানে, দুর্নাম ও সুনামে। আমাদেরকে ভণ্ড হিসেবে বিবেচনা করা হয়, তবুও আমরা সত্যবাদী; ^(৯)আমরা অপরিচিতের মতো, তবুও সুপরিচিত; মৃতের মতো, অথচ দেখো-আমরা বেঁচে আছি; শান্তিপ্ৰাপ্ত, নিহত নই; ^(১০)দুঃখিত, তবুও সর্বদা আনন্দিত; গরিবের মতো, তবুও অনেককে ধনী করে তুলেছি; আমাদের যেন কিছুই নাই, তবুও সবকিছুর অধিকারী।

^(১১)হে করিম্ববাসী, তোমাদের কাছে আমরা খোলাখুলিভাবেই কথা বলেছি; আমাদের হৃদয় তোমাদের জন্য উন্মুক্ত। ^(১২)তোমাদের জন্যে আমাদের মমতার কোনো সীমাবদ্ধতা নেই, কেবল তোমাদের মমতার মধ্যে সীমাবদ্ধতা। ^(১৩)তবুও আমি সন্তানের মতো তোমাদের বলছি- তোমরা তোমাদের হৃদয় প্রশস্ত করো।

^(১৪)তোমরা অ-ইমানদারদের সংগে অসমভাবে জোয়ালে আবদ্ধ হয়ো না; কারণ ধার্মিকতার সংগে অধার্মিকতার কী সম্পর্ক আছে? আলোর সংগে অন্ধকারের কি সম্পর্ক আছে? ^(১৫)মসিহের সংগে বলীয়ালের কী মিল আছে? অথবা একজন অ-ইমানদারদের সংগে ইমানদারদেরই বা কী মিল আছে?

^(১৬)প্রতিমার সংগে আল্লাহর ঘরের কী সমঝোতা আছে? কারণ আমরা তো জীবন্ত আল্লাহর ঘর; যেমন আল্লাহ বলেছেন, “আমি তাদের মধ্যে বাস করবো ও তাদেরই সংগে চলাফেরা করবো; এবং আমি তাদের আল্লাহ হবো ও তারা আমার লোক হবে।

(১৭)তাই তোমরা তাদের মধ্য থেকে বের হয়ে এসো ও আলাদা হয়ে থাকো, আল্লাহ বলেছেন, নাপাক জিনিস ছুঁও না; তখন আমি তোমাদের গ্রহণ করবো, (১৮)আর আমি তোমাদের প্রতিপালক হবো এবং আর তোমরা আমার সান্নিধ্যপ্রাপ্ত হবে, একথা সর্বশক্তিমান আল্লাহ বলেন।”